“আল্লাহর নিকট অতিশয় ঘৃণিত মানুষ হচ্ছে অতিরিক্ত ঝগড়াটে ব্যক্তি।”

‘আয়েশা রাদিয়াল্লাহু ‘আনহা থেকে বর্ণিত, নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম
বলেছেন: “আল্লাহর নিকট অতিশয় ঘৃণিত মানুষ হচ্ছে অতিরিক্ত ঝগড়াটে ব্যক্তি।”
[সহীহ] [মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম এ হাদীসে বর্ণনা করেছেন যে, আল্লাহ তাবারাকা ওয়াতা‘আলার কাছে অতিরিক্ত ঝগড়াটে মানুষ অপছন্দনীয়, যে ব্যক্তি হকের আনুগত্য গ্রহণ করে না; বরং তার ঝগড়ার দ্বারা তা প্রতিবাদ করতে চেষ্টা করে অথবা হকের জন্যই ঝগড়া করে; কিন্তু অতিরিক্ত ঝগড়াটে হওয়ার কারণে মধ্যপন্থা থেকে বের হয়ে যায় এবং ইলম ব্যতীত ঝগড়া করে।

https://sunnah.global/hadeeth/bn/show/5474